কালের কণ্ঠ

2 0 FEB 2016
পৃঃ ৫ কলাম ২

# ফেসবুকে প্রশ্ন ফাঁসের তথ্য দিয়ে অর্থ হাতানো চক্রের তিনজন আটক

নিজস্ব প্রতিবেদক ▷

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ও হোয়াটস অ্যাপে প্রশ্নপত্র ফাঁসের তথ্য দিয়ে অর্থ হাতানো চক্রের তিন সদস্যকে গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গোয়েন্দা শাখা (ডিবি)। আটক তিনজন হলেন জাহিদুর রহমান তুহিন, তানভীর আহমেদ চৌধুরী ও সাইফুল ইসলাম খান। ডিবির অতিরিক্ত উপকমিশনার শাজাহান মিয়ার তত্ত্বাবধানে সহকারী কমিশনার নামজুল আলমের নেতৃত্বে অভিযান চালিয়ে তাঁদের আটক করা হয়।

ডিবির এডিসি শাজাহান মিয়া জানান, ফেসবুক এবং হোয়াটস অ্যাপে প্রশ্ন ফাঁসের ভুয়া তথ্য দিয়ে অর্থ হাতিয়ে নিয়ে প্রতারণা করছে একটি চক্র। দীর্ঘদিন পর্যন্ত চক্রটি এসব ওয়েবে নিজস্ব অ্যাকাউন্ট খুলে বিভিন্ন পরীক্ষার প্রশ্ন ফাঁসের তথ্য প্রচার করে। ওই অ্যাকাউন্টে প্রবেশ করে ভুক্তভোগীরা প্রতারকচক্রের সঙ্গে যোগাযোগ করলে প্রশ্ন দেওয়ার নামে অর্থ হাতিয়ে নেওয়া হয় বিকাশে। অনুসন্ধান করে সাইবার অপরাধ প্রতিরোধ টিমের সদস্যরা চক্রের সদস্যদের শনাক্ত করেন। গত বৃহস্পতিবার অভিযান চালিয়ে ভাটারা এলাকা থেকে তিনজনকে গ্রেপ্তার করা হয়। এ ঘটনায় পাবলিক পরীক্ষা আইন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনে ভাটারা থানায় নিয়মিত মামলা করা হয়েছে।